

DD(A)

১৫/৬/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রস্তুতি মন্ত্রণালয়  
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
কোম্পানি-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.ptdl.gov.bd](http://www.ptdl.gov.bd)

১৯৬


নথি নং: ১৪.০০.০০০০.০০২.০০.০০৪.১৭.১৮৫ তারিখঃ ০১ আষাঢ় ১৪২৪/ ১৪ জুন ২০১৭।

বিষয়ঃ বেসামরিক প্রশাসনে চাকুরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ ও গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতার কারণে আর্থিক অনুদান প্রদান নীতিমালা-২০১৩ এর আওতায় বিটিসিএল এ প্রেষণে কর্মরত টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যুবরণের কারণে আর্থিক অনুদানের আবেদন সংক্রান্ত।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বেসামরিক প্রশাসনের স্থায়ী রাজস্ব পদধারী কেহ কর্মরত অবস্থায় ১৯ জুন ২০১৩ তারিখের পরে মৃত্যুবরণ করলে বিষয়ে উল্লিখিত নীতিমালা অনুযায়ী মৃতের পরিবার আর্থিক অনুদান প্রাপ্য। নির্ধারিত করমে এ আবেদন করতে হয়। ঢাকা মেট্রোপলিটন এলাকায় কর্মস্থল হলে আবেদন এই বিভাগের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয় এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০২। বিটিসিএল'র স্থায়ী রাজস্ব পদধারীগণ মূলত টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী প্রেষণে বিটিসিএল এ কর্মরত। ফলে এ ধরনের ক্ষেত্রে মৃত ব্যক্তি টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী রাজস্ব পদধারী মর্মে টেলিযোগাযোগ অধিদপ্তর থেকে একটি প্রত্যয়ন বিটিসিএল এর সংশ্লিষ্ট অফিস সংগ্রহপূর্বক তা আবেদনের সাথে সংযোজন করতে হবে। ইতোমধ্যে বিটিসিএল এ প্রেষণে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারীগণের পরিবার কর্তৃক দাখিলকৃত যে সকল আবেদন জেলা কমিটি কর্তৃক সুপারিশ করা হয়নি বা ক্ষেত্র প্রদান করা হয়েছে, তা প্রত্যয়নসহ পুনরায় দাখিল করতে হবে।

০৩। উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী বিটিসিএল এর সংশ্লিষ্ট অফিস প্রধান দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিমাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী মাসের প্রাপ্ত আবেদন সম্পর্কে একটি প্রতিবেদন বিটিসিএল এই বিভাগে প্রেরণ করবে।

  
জেসমীন আলম  
সিনিয়র সহকারী সচিব  
টেলিফোন- ৯৫৭৩৫৪৩

বিতরণ কর্মার্থঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক  
টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪১৩-৪২৮, শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা-১১০৮।
- ২। ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল)  
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই ইন্সটান গার্ডেন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, .....(সকল)।
- ৪। উপসচিব (কল্যান) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (প্রশাসন) ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ ৩৯ তাগে

- ১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।